

আপনার সাথে কখন দেখা করতে হবে **FCP**

- **ফার্স্ট কন্টাক্ট ফিজিওথেরাপিস্টস (এফসিপি) [First Contact Physiotherapists (FCPs)]** হচ্ছে উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত ফিজিওথেরাপিস্ট, যারা সাধারণত জিপি সার্জারিতে বসেন।
- **এফসিপিদের** মাস্কুলোস্টেলেটাল ব্যাধির মূল্যায়ন ও ব্যবস্থাপনার ব্যাপারে ব্যাপক অভিজ্ঞতা রয়েছে - যেমন পিঠ ও ঘাড় ব্যথা - এবং কোনো জিপি অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজনীয়তা ছাড়াই তাঁরা এই সকল রোগীদের দেখে থাকেন।
- আপনার যদি কোনো হাঁড়, জোড়া বা পেশির ব্যথা থাকে, আপনি একজন **এফসিপি-কে দেখাতে পারেন।**

একজন এফসিপিকে দেখানোর সময় যা প্রত্যাশা করতে পারেন

- আপনার **এফসিপি** আপনাকে মূল্যায়ন করবেন এবং আপনার রোগনির্ণয় করবেন।
- আপনাকে বিশেষজ্ঞ পরামর্শ দিবেন এবং আপনার ব্যাধি কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে সে ব্যাপারে পরামর্শ প্রদান করবেন।
- প্রয়োজন হলে আপনাকে একটি বিশেষায়িত পরিষেবায় সুপারিশ করে পাঠাবেন।

আপনার এফসিপি-কে দেখানোর জন্য কীভাবে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে হবে?

- **এফসিপি-কে** দেখানোর জন্য কেবল আপনার জিপি প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন এবং একটি অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুরোধ জানান। আপনি এজন্য যথাযথ কি না, তা রিসেপশন টিম যাচাই করবেন এবং তারা আপনার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করবেন।